

সময়: ২৫ মিনিট

পূর্ণমান: ২৫

[ বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

- ১। নিচের কোনটি একটি মাল্টিমিডিয়া সফটওয়্যার?  
ক) মায়্যা খ) অথরওয়্যার  
গ) এডোবি ফটোশপ ঘ) থ্রিডি স্টুডিও ম্যাক্স
- ২। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে মধ্যবর্তী কোনো স্লাইড থেকে পরবর্তী কোনো স্লাইড প্রদর্শনের জন্য চাপতে হবে-  
ক) F5 খ) Ctrl+F5  
গ) Alt+ F5 ঘ) Shift+ F5
- ৩। ফটোশপে কোনো অবজেক্টে রং এক প্রান্ত থেকে অন্য প্রান্তে পৌঁছাতে পৌঁছাতে মিলিয়ে যাওয়াকে কী বলা হয়?  
ক) লিনিয়ার ব্লেন্ড খ) রেডিয়াল ব্লেন্ড  
গ) রিফ্লেক্টেড ব্লেন্ড ঘ) গ্রেডিয়েন্ট ব্লেন্ড
- ৪। ইলাস্ট্রেটরে কত প্রকার টাইপ টুল আছে?  
ক) ৩ খ) ৪  
গ) ৫ ঘ) ৬
- ৫। ফটোশপে প্রতিটি লেয়ারের বাম দিকের চোখের আইকনকে বলা হয়-  
ক) প্যালিট খ) আইবিম  
গ) থাম্বনেইল ঘ) ভিজিবিলিটি
- ৬। ডেটাবেজে রেকর্ড বাতিল করার পদ্ধতি-  
ক) Selet Record>Home>Delete  
খ) Home>Select Record>Delete  
গ) Selet Record>Home>Delete>Yes  
ঘ) Home>Select Record>Delete>Yes
- ৭। ডেটাবেজ প্রোগ্রামে ডেটা এন্ট্রির ভুল এড়ানোর জন্য ফিল্ডে শর্ত দিয়ে ডেটা এন্ট্রির সীমা নির্ধারণকে বলা হয়-  
ক) কুয়েরি খ) রিলেশন  
গ) লেবেল ঘ) ইনপুট ভেলিডেশন
- ৮। মাইক্রোসফট কর্পোরেশনের জনপ্রিয় ডাটাবেজ সফটওয়্যার নিচের কোনটি?  
ক) অফিস খ) এক্সেস  
গ) এক্সেল ঘ) ফক্সপ্রো
- ৯। ডেটাবেজে শর্তযুক্ত কোনো ডেটাকে সহজে খুঁজে বের করার পদ্ধতিকে বলা হয়-  
i) কুয়েরি  
ii) ফিল্টার  
iii) সার্টিং  
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii খ) i ও iii  
গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ১০। 'Report' আইকনটি কোন রিবনে পাওয়া যায়?  
ক) Home খ) Design  
গ) Create ঘ) Insert
- ১১। 'Crop' শব্দের অর্থ কী?  
ক) ছেঁটে ফেলা খ) কেটে ফেলা  
গ) বাদ দেওয়া ঘ) বাতিল করা
- ১২। ফটোশপে কোনো অবজেক্ট Background এর রং দ্বারা পূরণ করতে ব্যবহৃত হয়-  
i) Backspace  
ii) Alt+Backspace  
iii) Ctrl+Backspace  
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii খ) i ও iii  
গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ১৩। ফটোশপে Feather এর ঘরে ২০ টাইপ করলে অবজেক্টের শুধুমাত্র বাইরের দিকের প্রান্তের নমনীয়তা কত হবে?  
ক) ০ খ) ১০  
গ) ২০ ঘ) ৪০
- নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:  
অরুণাভ ফটোশপে আঁকাবাঁকা প্রান্ত বিশিষ্ট একটি ফুলের ছবি একটি বিশেষ টুল দ্বারা সিলেক্ট করলো এবং ফুলটি কাট করে অন্য একটি অবজেক্টে স্থাপন করলো।
- ১৪। অরুণাভ কোন টুল ব্যবহার করেছিল?  
ক) Marquee খ) Lasso  
গ) Crop ঘ) Pen
- ১৫। উদ্দীপকের শেষ কাজটি অরুণাভের সম্পাদনের পদ্ধতি হলো-  
i) Edit>cut  
ii) Ctrl+x  
iii) Ctrl+v  
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii খ) i ও iii  
গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ১৬। বিদ্যালয়ের সমাবেশে ক্রীড়া শিক্ষক ১০ম থেকে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের ক্রমানুসারে লাইন করে দাঁড়াতে বললেন। ডেটাবেজ অনুসারে স্যারের নির্দেশকে বলা যায়—  
i) Sorting  
ii) Ascending  
iii) Descending  
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii খ) i ও iii  
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭। সরাসরি সিলেকশন টুল দিয়ে লেখা সিলেক্ট করলে লেখার নিচে যে লাইন দেখা যায় সেই লাইনকে কী বলা হয়?  
ক) বেজলাইন খ) গ্রিডলাইন  
গ) আন্ডারলাইন ঘ) আউটলাইন

১৮। RGB মোডে কাজ না করে CMYK মোডে কাজ করলে সেখানে কয়টি কালার স্লাইড পাওয়া যায়?

ক) ১ খ) ২  
গ) ৩ ঘ) ৪

১৯। ডেটাবেজে ডিলিট আইকনটি কোন মেনুর অন্তর্ভুক্ত?

ক) Home খ) Edit  
গ) View ঘ) Insert

২০। এডোবি ফটোশপের কাজ-

i) ছবির কোনো অংশের ওজ্জ্বল্য বাড়ানো-কমানো  
ii) ব্যানার, পোস্টার ইত্যাদি তৈরি করা  
iii) ছবির দাগ বা ত্রুটি মুছে ফেলা  
নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii  
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের ডেটাবেজটি লক্ষ্য কর এবং ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও:

একটি প্রাইভেট কোম্পানির ডেটাবেজ নিম্নরূপ:

Name	Age	Date of Birth	District
Abul	37	12/12/1975	Khulna
Kashem	35	10/10/1977	Jessore
Malek	35	11/11/1972	Bagerhat
Belal	32	11/11/1980	Dhaka

২১। ডেটাবেজ অনুসারে যদি  $\geq 35$  শর্তানুসারে কুয়েরি করা হয় তাহলে রেকর্ড প্রদর্শিত হবে-

ক) Belal  
খ) Malek & Kashem  
গ) Abul, Malek & Kashem  
ঘ) Belal, Malek & Kashem

২২। প্রাইভেট কোম্পানিটি উক্ত ডেটাবেজ থেকে সুবিধা পাবে-

ক) ফর্মুলার সাহায্যে তথ্য ব্যবস্থাপনার  
খ) নানাভাবে লেখাকে উপস্থাপনের  
গ) আয়-ব্যয় হিসাব নির্ণয়ের  
ঘ) অনুসন্ধানমূলক প্রতিবেদন তৈরির

২৩। Hand outs বলতে বুঝায়-

ক) একাধিক স্লাইড বিশিষ্ট একটি পৃষ্ঠা  
খ) একটি স্লাইডের একটি পৃষ্ঠা  
গ) একটি ফাইলের মধ্যে অনেক পৃষ্ঠা  
ঘ) প্রজেন্টেশনের খসড়া পৃষ্ঠা

২৪। DBMS এর পূর্ণরূপ কি?

ক) Database Monitoring System  
খ) Data Base Management System  
গ) Database Management System  
ঘ) Data Base Management Sheet

২৫। Database প্রোগ্রামে Salary ফিল্ড তৈরির সময় ডেটার টাইপ কি হবে?

ক) Text খ) Number  
গ) Memo ঘ) Currency